

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬২. মহিলাদের ইমামতি করা প্রসঙ্গে

باب إِمَامَةِ النِّسَاءِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعُ بْنُ الْجَرَّاحِ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ جُمَيْع، قَالَ حَدَّتْنِي جَدَّتِي، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ خَلَّادِ الأَنْصَارِيُّ، عَنْ أُمِّ وَرَقَةَ بِنْتِ نَوْفَل، جُمَيْع، قَالَ حَدَّتْنِي جَدَّتِي، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ خَلَّادُ الأَنْصَارِيُّ، عَنْ أُمِّ وَرَقَةَ بِنْتِ نَوْفَل، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَمَّا غَزَا بَدْرًا قَالَتْ قُلْتُ لَهُ يَا رَسُولَ اللهِ النَّذَنْ لِي فِي الْغَزْوِ مَعَكَ أُمْرِضُ مَرْضَاكُمْ لَعَلَّ اللهَ أَنْ يَرْزُقَنِي شَهَادَةً . قَالَ " قِرِّي فِي بَيْتِكِ فَإِنَّ اللهَ الْغَزْوِ مَعَكَ أُمْرِضُ مَرْضَاكُمْ لَعَلَّ اللهَ أَنْ يَرْزُقَنِي شَهَادَةً . قَالَ وَكَانَتْ قَدْ قَرَأَتِ الْقُرْآنَ اللهَ عَلَى يَرْزُقُكِ الشَّهِيدَة . قَالَ وَكَانَتْ قَدْ قَرَأَتِ الْقُرْآنَ اللهَ عَليه وسلم أَنْ تَتَّخِذَ فِي دَارِهَا مُؤَدِّنَا فَأَذِنَ لَهَا قَالَ وَكَانَتْ وَنَهَبَا فَأَصِبُع فَاسَاتَأْذَنَتِ النَّاسِ فَقَامَا إِلَيْهَا بِاللَّيْلِ فَغَمَّاهَا بِقَطِيفَةٍ لَهَا حَتَّى مَاتَتْ وَذَهَبَا فَأَصَبْحَ عُمَرُ فَقَامَ فِي النَّاسِ فَقَالَ مَنْ كَانَ عِنْدَهُ مِنْ هَذَيْنِ عِلْمٌ أَوْ مَنْ رَآهُمَا فَلْيَجِي بِهِمَا فَأَمَر بَعَمُ فَقَامَ فِي النَّاسِ فَقَالَ مَنْ كَانَ عِنْدَهُ مِنْ هَذَيْنِ عِلْمٌ أَوْ مَنْ رَآهُمَا فَلْيَجِي بِهِمَا فَأَمَرَ بِهُمَا فَأَمَر وَلَهُمَا فَكَانَا أَوَّلَ مَصْلُلِبَا فَكَانَا أَوَّلَ مَصْلُلِبَا فَكَانَا أَوَّلَ مَصْلُوبِ بالْمَدِينَةِ .

حسن

বাংলা

কেঠ। উন্মু ওয়ারকাহ বিনতু নাওফাল (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বদরের যুদ্ধে গেলেন তখন আমি বললাম, হে আল্লাহর রসূল! আমাকে আপনার সাথে জিহাদে যাওয়ার অনুমতি দিন। আমি পীড়িত-আহতদের সেবা করব। হয়তো মহান আল্লাহ আমাকেও শাহাদাতের মর্যাদা দিবেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তোমার ঘরেই অবস্থান কর। মহান আল্লাহ তোমাকে শাহাদাতের মর্যাদা দান করবেন। বর্ণনাকারী বলেন, ঐদিন থেকে উক্ত মহিলার নাম হয়ে গেল শাহীদাহ্। তিনি কুরআন মাজীদ ভাল পড়তেন।



সেজন্য তিনি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে অনুমতি চাইলে তিনি তার ঘরে একজন মুয়াজ্জিন নিয়োগের অনুমতি দিলেন। তিনি একটি দাস ও একটি বোবা দাসীকে তার মৃত্যুর পর আযাদ করে দেয়ার চুক্তি করেছিলেন। তারা (দাস ও দাসী) দু'জন রাতে উঠে তার নিকট গিয়ে তাঁর চাদর দিয়ে তাকে চেপে ধরে হত্যা করে উভয়ে পালিয়ে যায়। প্রত্যুষে এটা 'উমার (রাঃ) জানতে পেরে লোকদের জানিয়ে দিলেন, এ দু'টি গোলাম-বাঁদী সম্পর্কে কারো জানা থাকলে বা তাদেরকে কেউ দেখে থাকলে, তাদের যেন (ধরে) নিয়ে আসে। (তারা গ্রেফতার হলে) তাদেরকে নির্দেশ মোতাবেক শূলে চড়ানো হয়। মদীনাতে তাদের দু'জনকেই সর্বপ্রথম শূলে চড়ানো হয়।[1]

হাসান।

English

Narrated Umm Waragah daughter of Nawfal:

When the Prophet (ﷺ) proceeded for the Battle of Badr, I said to him: Messenger of Allah allow me to accompany you in the battle. I shall act as a nurse for patients. It is possible that Allah might bestow martyrdom upon me. He said: Stay at your home. Allah, the Almighty , will bestow martyrdom upon you.

The narrator said: Hence she was called martyr. She read the Qur'an. She sought permission from the Prophet (ﷺ) to have a mu'adhdhin in her house. He, therefore, permitted her (to do so).

She announced that her slave and slave-girl would be free after her death. One night they went to her and strangled her with a sheet of cloth until she died, and they ran away.

Next day Umar announced among the people, "Anyone who has knowledge about them, or has seen them, should bring them (to him)."

Umar (after their arrest) ordered (to crucify them) and they were crucified. This was the first crucifixion at Medina.

ফুটনোট

[1] আহমাদ (৬/৪০৫), বায়হাকী 'দালায়িলিন নবুয়্যাহ' (৬/৩৮২) ওয়ালীদ সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন